তারিখ 17 MAY 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬

সমকাল

# মানসম্মত শিক্ষার কোনো বিকল্প নেই

— রাশিদা হামিদ

■ করিমগঞ্জ (কিশোরগঞ্জ) প্রতিনিধি
দেশের ফার্স্ট লেডি রাষ্ট্রপতিপত্নী রাশিদা হামিদ বলেছেন, শিক্ষার কোনো বিকল্প নেই। যে জাতি যত বেশি শিক্ষিত, সে জাতি তত বেশি উন্নত। যারা মানসম্মত শিক্ষায় শিক্ষিত হয়ে গড়ে উঠেছে তাদের উন্নতিতে কোনো বাধাই অন্তরায় হয়ে দাঁড়াতে পারেনি। তিনি গতকাল সোমবার করিমগঞ্জের জাফরাবাদে রাষ্ট্রপতি আবদুল হামিদ মেডিকেল কলেজ হাসপাতালের সভাকক্ষে অটিজম সংক্রান্ত ছাত্র-শিক্ষকদের এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। এ সময় তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, মেডিকেলে ভর্তি হওয়া মানেই জ্ঞানের সাগরে সাঁতার দেওয়া। এখানে অবহেলা করার কোনো সুযোগ নেই। চিকিৎসকদের সারাজীবন লেখাপড়া করে জ্ঞান অর্জন করতে হয়। অধ্যক্ষ ডা. আ ন ম নৌশাদ খানের সভাপতিত্বে সেমিনারে বক্তব্য রাখেন ড. নজরুল ইসলাম, ডা. সুফিয়া খাতুন, মিলাদ খান প্রমুখ।